গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি এবং ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
অভ্যন্তরীণ ঋণ ব্যবস্থাপনা-২ অধিশাখা
www.mof.gov.bd

নং: ০৭.০০.০০০০.১৩৭.৩৫.০০১.২০.২

তারিখঃ ২৩ আশ্বিন ১৪২৭ / ০৮ অক্টোবর ২০২০

**প্রজ্ঞাপন**

বিষয়: শরীয়াহ ভিত্তিক বিনিয়োগ চুক্তির আওতায় সরকার কর্তৃক সুকুক ইস্যু ও ব্যবস্থাপনা সম্পর্কিত গাইডলাইন।

যেহেতু, দেশের চলমান উন্নয়ন কার্যক্রমে শরীয়াহ ভিত্তিক অর্থায়নের পথ সম্প্রসারণ ও সুগম করা সমীচীন ও প্রয়োজনীয়, সেহেতু শরীয়াহ ভিত্তিক বিনিয়োগ চুক্তির আওতায় সরকার কর্তৃক সুকুক ইস্যুর লক্ষ্যে নিম্নরূপ গাইডলাইন প্রণয়ন করা হইল:-

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ এবং উপক্রম।-(১) এই গাইডলাইন 'বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক গাইডলাইন, ২০২০' নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা প্রযোজ্য হইবে-

(ক) শরীয়াহ্ সম্মত পদ্ধতিতে বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক ইস্যু সংশ্লিষ্ট বিষয়াদির জন্য;

(খ) ব্যক্তি ও প্রতিষ্ঠান, যাহারা "বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক" এর উপযুক্ত ক্রেতা এবং ধারক, তাহাদের আইনত উত্তরাধিকারী কিংবা মনোনীত ব্যক্তিবর্গ;

(গ) বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান;

(ঘ) সুকুক ইস্যু কার্যক্রমের সহিত সম্পর্কিত অন্যান্য প্রতিষ্ঠানসমূহ; এবং

(ঙ) এই বিধিমালা অনতিবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই গাইডলাইনে-

(১) "অপারেশনাল ডাইরেক্টিভস (Operational Directives)" অর্থ সুকুক ইস্যু, হিসাবায়ন এবং এতদ্সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংক অথবা স্পেশাল পারপাস ভেহিকল (এসপিভি) কর্তৃক জারিকৃত নির্দেশিকা;

(২) "অরিজিনেটর (Originator)" অর্থ শরীয়াহ্ নীতিমালার আওতায় সুকুক ইস্যু অথবা ইস্যুর প্রস্তাবকারী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;

(৩) "আর্থিক প্রতিষ্ঠান Financial Institution)" অর্থ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ২৭ নং আইন) এর ধারা ২ এর অধীন সংজ্ঞায়িত 'আর্থিক প্রতিষ্ঠান';

(৪) "ইনভেস্টমেন্ট ডিলার (Investment Dealer)" অর্থ সুকুক অকশনে সাবস্ক্রাইব (subscribe) এবং আন্ডাররাইট (underwrite) করিবার উদ্দেশ্যে এসপিভি কর্তৃক মনোনীত শরীয়াহ্ অনুসারে পরিচালিত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান অথবা অন্য যেকোন প্রতিষ্ঠান;

(৫) “ইনভেস্টমেন্ট পোর্টফোলিও সিকিউরিটি (Investment Portfolio Securities অথবা আইপিএস)” অর্থ একটি অনন্য হিসাব যেখানে ইনভেস্টমেন্ট ডিলার, ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য বিনিয়োগকারীদের সুকুকের হিসাবায়ন রক্ষিত থাকিবে;

(৬) “ইস্যু (Issue)” অর্থ শরীয়াহ্ নীতিমালা অনুসারে যেকোন বিনিয়োগ চুক্তির অধীনে সুকুক ইস্যু;

(৭) “ইস্যুকারী (Issuer)” অর্থ কোন নির্দিষ্ট সম্পদ অথবা প্রকল্পের বিপরীতে সুকুক ইস্যুর ক্ষেত্রে নিযুক্ত এসপিভি;

(৮) “বাংলাদেশ ব্যাংক (Bangladesh Bank)” অর্থ Bangladesh Bank Order, 1972 (President's Order No.127 of 1972) এর অধীনে প্রতিষ্ঠিত কেন্দ্রিয় ব্যাংক;

(৯) “বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক (Bangladesh Government Investment Sukuk)” (অতঃপর "সুকুক" নামে অভিহিত) অর্থ সমমূল্যের এইরূপ অনুমোদিত সম্পত্তি-নিদর্শনপত্র যাহা কোন শরীয়াহ্ সম্মত বিনিয়োগ চুক্তির আওতায় নির্দিষ্ট প্রকল্পের অথবা বিশেষ বিনিয়োগের বা কোন পরিষেবার বিদ্যমান সম্পদের (tangible assets, usufruct and services) উপর অথবা/এবং ভবিষ্যতে উৎপাদন বা প্রস্তুতের মাধ্যমে উক্ত চুক্তির অধীনে অন্তর্ভুক্ত হইবে এইরূপ সম্পদের উপর অথবা/এবং ক্রয়-বিক্রয়ের মাধ্যমে মুনাফা অর্জনের উদ্দেশ্যে ভবিষ্যতে ক্রয় করা হইবে বা ইতোমধ্যে ক্রয় করা হইয়াছে এমন কোন শরীয়াহ সম্মত পণ্য দ্রব্যের উপর অবিভক্ত মালিকানা অথবা অংশীদারিত্ব (share) নির্দেশ করিবে;

(১০) “বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক হিসাব (Bangladesh Government Investment Sukuk Account)” অর্থ সুকুক ইস্যু, রক্ষণাবেক্ষণ এবং মেয়াদপূর্তির রেকর্ড রাখিবার জন্য বাংলাদেশ ব্যাংকের নিকট রক্ষিত সুকুক হিসাব;

(১১) “তফসিলি ব্যাংক (Bank)” অর্থ ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ধারা ৫ এ সংজ্ঞায়িত ব্যাংকিং কোম্পানী;

(১২) “বিনিয়োগ চুক্তি (Investment Contract)” অর্থ শরীয়াহসম্মত এমন কোন চুক্তি অথবা লেনদেন অথবা স্কিম যাহার আওতায় কোন ব্যক্তি অথবা প্রতিষ্ঠান লাভ অথবা ক্ষতি গ্রহণের বিষয়ে সম্মত থাকিয়া বিনিয়োগ করিবে;

(১৩) “ট্রাস্টি (Trustee)” বলিতে সুকুক ধারকদের স্বার্থ সংরক্ষণ, এসপিভির কার্যক্রম তত্ত্বাবধান এবং অরিজিনেটরের সহিত সম্পাদিত চুক্তি অনুসারে প্রসপেক্টাসে বর্ণিত দলিলাদি ও গ্যারান্টির নিরাপত্তা প্রদানের দায়িত্ব পালনকারী সত্তাকে বুঝাইবে;

(১৪) “প্রসপেক্টাস (Prospectus)” অর্থ সুকুক ইস্যুর নিমিত্তে আবশ্যকীয় তথ্যাদি সমৃদ্ধ দলিলাদি;

(১৫) “মুনাফা (Profit)” অর্থ সুকুক হইতে উদ্ভূত যেকোন ধরণের আয় যাহা ইতিবাচক অথবা নেতিবাচক হইতে পারিবে;

(১৬) “শরীয়াহ্” অর্থ পবিত্র কুরআন, সুন্নাহ, ইজমা অথবা কিয়াস-এ বর্ণিত ইসলামিক বিধি-বিধান;

(১৭) “শরীয়াহ্ এডভাইজরি কমিটি (Shariah Advisory Committee)” অর্থ সুকুক অথবা ইসলামী সিকিউরিটি ইস্যুর ক্ষেত্রে শরীয়াহ্ বিষয়ক যেকোন মতামত অথবা পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত কমিটি;

(১৮) “শরীয়াহ্ নীতিমালা (Shariah Concepts)” অর্থ শরীয়াহ্ অনুমোদিত বিশেষত “Accounting and Auditing Organization for Islamic Financial Institutions (AAOIFI)' কর্তৃক জারিকৃত শরীয়াহ্ সম্মত পদ্ধতি যেখানে- ইজারা, মুদারাবাহ, মুশারাকাহ, মুরাবাহাহ্, ইস্তিস্না এবং অন্যান্য শরীয়াহ অনুমোদিত বিনিয়োগ পদ্ধতি অন্তর্ভুক্ত রহিয়াছে;

(১৯) “শাট পিরিয়ড (Shut period)” বলিতে সেই সময়কালকে বুঝাইবে যে সময়ে সুকুক লেনদেন, হস্তান্তর অথবা নিষ্পত্তি স্থগিত থাকিবে;

(২০) "সুকুক অকশন কমিটি (Sukuk Auction Committee)" অর্থ বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক ইস্যু ও বন্টনের উদ্দেশ্যে গঠিত কমিটি;

(২১) "সুকুক ইনভেস্টর আইডেন্টিফিকেশন (Sukuk Investor Identification অথবা এসআইআইডি)" অর্থ বাংলাদেশ ব্যাংকের সহিত সাবসিডিয়ারি জেনারেল লেজার অথবা ইনভেস্টমেন্ট পোর্টফোলিও সিকিউরিটিজ হিসাবের অধীনে পরিচালিত বিনিয়োগকারীর স্বতন্ত্র সুকুক হিসাব;

(২২) "সুকুক বিক্রয়লব্ধ অর্থ (Sukuk Proceeds)" বলিতে সেই তহবিলকে নির্দেশ করিবে যাহা এসপিভি সুকুক ইস্যুর মাধ্যমে উত্তোলন করিবে;

(২৩) "সুকুক ধারক (Sukuk Holder)" অর্থ সুকুকে বিনিয়োগকারী ব্যক্তি অথবা প্রতিষ্ঠান যিনি আইনানুগভাবে সুকুকের মালিকানার দাবিদার;

(২৪) "সুকুক সম্পদ (Sukuk Asset)" বলিতে শরীয়াহ্ এডভাইজরি কমিটি কর্তৃক অনুমোদিত শরীয়াহ্সম্মত বাস্তব সম্পদ অথবা উহার ব্যবহার অথবা পরিষেবাকে নির্দেশ করিবে;

(২৫) "সরকার (Government)" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;

(২৬) "সাবসিডিয়ারি জেনারেল লেজার (Subsidiary General Ledger অথবা এসজিএল)" অর্থ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সহিত রক্ষিত সুকুক হিসাব;

(২৭) "সিস্টেম (System)" অর্থ সুকুক ইস্যু কার্যক্রম এবং ইস্যু পরবর্তী সুকুক রেজিস্ট্রেশনসহ সকল কার্যক্রম পরিচালনা করিবার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত ইলেকট্রনিক সিস্টেম অথবা প্ল্যাটফর্ম;

(২৮) "স্পেশাল পারপাস ভেহিকল বা এসপিভি (Special Purpose Vehicle or SPV)" বলিতে সুকুক ইস্যুকরণের জন্য সরকার কর্তৃক মনোনীত অথবা এতদুদ্দেশ্যে প্রতিষ্ঠিত আইনী সত্তাকে বুঝাইবে; এবং

(২৯) শব্দাবলি এবং অভিব্যক্তি, যাহা এই অনুচ্ছেদে সংজ্ঞায়িত হয় নাই, তাহা পাবলিক ডেট অ্যাক্ট, ১৯৪৪ এবং পাবলিক ডেট রুলস্, ১৯৪৬ দ্বারা নিরূপিত হইবে।

৩। শরীয়াহ্ এডভাইজরি কমিটি গঠন এবং উহার দায়িত্ব ও কর্তব্য।- বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগ এবং শরীয়াহ্ বিশেষজ্ঞ যাহাদের ফিকাহ্ আল-মুয়ামালাত (ইসলামিক বাণিজ্যিক আইন-শাসন), ব্যবসায় এবং আর্থিক পরিষেবাদির যথাযথ অভিজ্ঞতা ও জ্ঞান রহিয়াছে তাহাদের সমন্বয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক শরীয়াহ্ এডভাইজরি কমিটি গঠিত হইবে। উক্ত কমিটির মেয়াদ ও সদস্যসংখ্যা সময় সময় বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হবে। এ কমিটি নিম্নলিখিত দায়িত্ব সম্পাদন করিবে:

(ক) সরকারের প্রস্তাবনা অনুসারে সুকুক ইস্যুর জন্য সুকুক সম্পদের বিষয়ে শরীয়াহ্ ভিত্তিক মতামত প্রদান;

(খ) সুকুক ইস্যুর লক্ষ্যে শরীয়াহ্ নীতিমালা অনুসারে বিনিয়োগ চুক্তির প্রকৃতি (mode of investment) নির্ধারণের বিষয়ে পরামর্শ প্রদান;

(গ) সুকুক ইস্যু সংক্রান্ত দলিলাদি, চুক্তি সম্পাদন ইত্যাদি বিষয়ে মতামত প্রদান;

(ঘ) সুকুক ইস্যুর জন্য প্রযোজ্য প্রসপেক্টাসের বিষয়ে পরামর্শ প্রদান; এবং

(ঙ) সুকুক ইস্যুর ক্ষেত্রে প্রযোজ্য শরীয়াহ্ নীতিমালা অনুসরণ করিয়া ইজতিহাদ (যুক্তি) প্রয়োগপূর্বক যথাযথ মতামত প্রদান।

৪। স্পেশাল পারপাস ভেহিকল এবং ট্রাস্টির ভূমিকা ও দায়িত্ব।– (১) সরকার সুকুক ইস্যুর লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কিংবা অন্য যেকোন প্রতিষ্ঠানকে স্পেশাল পারপাস ভেহিকল এবং/অথবা ট্রাস্টি হিসেবে নিয়োগ করিতে পারিবে। নিয়োগকৃত প্রতিষ্ঠান অথবা প্রতিষ্ঠানসমূহ স্পেশাল পারপাস ভেহিকল ও ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালন করিবার জন্য সরকারের সহিত চুক্তিবদ্ধ হইবে।

(২) সুকুক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে স্পেশাল পারপাস ভেহিকল নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবে:

(ক) শরীয়াহ্ নীতিমালা সঠিকভাবে অনুসরণপূর্বক সুকুক ইস্যুর লক্ষ্যে অর্থ বিভাগের নিকট হইতে প্রাপ্ত প্রস্তাব শরীয়াহ্ এডভাইজরি কমিটির নিকট উপস্থাপন;

(খ) প্রস্তাবিত সুকুকের বিষয়ে শরীয়াহ্ এডভাইজরি কমিটির মতামত অথবা পরামর্শ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অর্থ বিভাগে প্রেরণ;

(গ) অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত সুকুক প্রস্তাব এবং সম্পাদিত চুক্তি অনুসারে প্রসপেক্টাস প্রকাশসহ সুকুক ইস্যুর জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন;

(ঘ) সুকুক অকশন অথবা প্রাইভেট প্লেসমেন্ট এর ব্যবস্থা গ্রহণসহ সুকুক বিক্রয়লব্ধ অর্থ সরকারি হিসাবে জমা, বিনিয়োগকারীদের মুনাফা প্রদান এবং মেয়াদপূর্তিতে আসল প্রদানসহ যাবতীয় হিসাবায়ন সম্পাদন।

(৩) সুকুক কার্যক্রমের বিভিন্ন পর্যায়ে সুকুক ধারকগণের অধিকার ও চুক্তির শর্তসমূহ পরিপালন নিশ্চিতকল্পে ট্রাস্টি নিম্নোক্ত ভূমিকা পালন করিবে:

(ক) চুক্তি অনুসারে সুকুক ধারকগণের স্বার্থ ও অধিকার সুরক্ষার জন্য ট্রাস্টি দায়বদ্ধ থাকিবে;

(খ) সুকুক সম্পদের ব্যবহার সংক্রান্ত প্রয়োজনীয় প্রশাসনিক এবং তদারকি কার্যক্রম সঠিক ও পেশাদারিত্বের সহিত পরিচালনার বিষয়টি অর্থ বিভাগের নিকট হইতে ট্রাস্টি নিশ্চিত হইবে;

(গ) সুকুক ধারকদের ঝুঁকি মোকাবেলা অথবা ক্ষতি হ্রাসকল্পে ট্রাস্টি শরীয়াহসম্মত পদ্ধতিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে; এবং

(ঘ) সুকুক সম্পদ পরিচালনায় ব্যর্থতা অথবা সুকুক সম্পদের ক্ষতি সাধিত হয় এরূপ কার্যক্রম ঘটিলে অথবা সুকুক ধারকদের আইনানুগ স্বার্থ বিঘ্নিত হয় এরূপ পরিস্থিতির উপক্রম হইলে ট্রাস্টি সুকুক সম্পত্তি সরকারের বিদ্যমান আইনী কাঠামোর আওতায় নিষ্পত্তি করিতে পারিবে।

৫। সুকুক ইস্যুর ক্ষেত্রে অরিজিনেটরের দায়িত্ব ও কর্তব্য।- (১) অভ্যন্তরীণ ঋণ হিসেবে বাংলাদেশী টাকায় সুকুক ইস্যু হইবে এবং সুকুক ইস্যুর ক্ষেত্রে অর্থ বিভাগ সরকারের পক্ষে অরিজিনেটর হিসাবে কাজ করিবে।

(২) অরিজিনেটর নিম্নোক্ত কার্যক্রম পরিপালন নিশ্চিতপূর্বক এসপিভির নিকট সুকুক ইস্যুর প্রস্তাব করিবে:

(ক) অন্তর্নিহিত সুকুক সম্পদ (Underlying sukuk asset) নির্দিষ্ট করিয়া উক্ত সম্পদের মূল্য ও সম্ভাব্য আয় নির্ধারণপূর্বক সুকুক প্রস্তাব শরীয়াহ্ এডভাইজরি কমিটির পরামর্শ গ্রহণের লক্ষ্যে এসপিভির নিকট প্রেরণ করিবে;

(খ) সুকুক সম্পদ নির্ধারণ করিয়া উক্ত সম্পদের সহিত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরকে অবহিত করিবে; এবং

(খ) প্রতিটি সুকুক ইস্যুর ক্ষেত্রে সুকুক ইস্যুর পরিমাণ, মেয়াদ ইত্যাদি তথ্যাদি সুকুক প্রস্তাবে অন্তর্ভুক্ত করিবে।

(৩) শরীয়াহ্ এডভাইজরি কমিটির পরামর্শ অনুসারে সুকুক ইস্যুর লক্ষ্যে অরিজিনেটর এসপিভির সহিত চুক্তি সম্পাদন করিবে এবং যথাযথ আইনী প্রক্রিয়া অনুসরণ করিয়া সুকুক সম্পদ অথবা উহা হইতে উদ্ভূত আয়ের স্বত্ব (Right) চুক্তি মোতাবেক এসপিভির নিকট হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করিবে;

(৪) অরিজিনেটর সুকুক বিক্রয়লব্ধ অর্থ প্রসপেক্টাসে ঘোষিত পদ্ধতি অনুযায়ী বিনিয়োগ করিতে পারিবে; এবং

(৫) অরিজিনেটর সুকুক সম্পদ, তাহার মূল্য ও অন্যান্য আনুষঙ্গিক তথ্যাদি এসপিভি এবং ট্রাস্টিকে অবহিত করিবে।

৬। সুকুকে বিনিয়োগের যোগ্যতা।- (১) নিবাসী অথবা অনিবাসী যেকোন ব্যক্তি অথবা প্রতিষ্ঠান সুকুক ক্রয়ের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে:

তবে শর্ত থাকে যে, তাহারা প্রসপেক্টাসে উল্লিখিত শর্তাবলী অনুসারে লাভ অথবা ক্ষতি (যদি থাকে) গ্রহণে সম্মত থাকিবে।

(২) অনিবাসী ব্যক্তি অথবা প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী বাংলাদেশে কার্যরত যেকোন ব্যাংকে তাহার নামে পরিচালিত অনিবাসী বৈদেশিক মুদ্রা হিসাব (Non-Resident Foreign Currency Deposit Account) অথবা অনিবাসী টাকা হিসাব (Non-Resident Investor's Taka Account) এর মাধ্যমে সুকুকে বিনিয়োগ করিতে পারিবে। মুনাফা ও বিক্রয়লব্ধ অর্থ অথবা মেয়াদপূর্তিতে প্রাপ্ত আসল বৈদেশিক মুদ্রায় (সকল প্রকার প্রযোজ্য ফি এবং/অথবা কর কর্তনপূর্বক) প্রত্যাবাসনযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

৭। বিনিয়োগকারীর মৃত্যুতে সুকুকের স্বত্ব।- (১) সুকুকে ব্যক্তি বিনিয়োগের ক্ষেত্রে এসআইআইডি খোলার সময় আবেদনপত্রে এক বা একাধিক ব্যক্তিকে নমিনী হিসেবে মনোনয়ন করা যাইবে।

(২) সুকুক ধারক লিখিত আবেদনের মাধ্যমে তাহার নমিনী এবং প্রাপ্যতার পরিমাণ যেকোন সময় পরিবর্তন করিতে পারিবেন।

(৩) নমিনী মনোনয়ন না করিয়া থাকিলে মৃত ব্যক্তির উত্তরাধিকারী (successor) সুকুকের আইনসঙ্গত মালিকানা পাইবেন।

৮। সুকুকের প্রাইমারি ইস্যু প্রক্রিয়া।- (১) প্রসপেক্টাস অনুযায়ী এসপিভি প্রাইভেট প্লেসমেন্ট অথবা অকশনের মাধ্যমে অভিহিত মূল্যে সুকুক ইস্যু করিবে।

(২) ইনভেস্টমেন্ট ডিলারসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ সুকুক অকশনে নিজের জন্য বিড দাখিল করিতে পারিবে।

(৩) অন্যান্য ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী সুকুক অকশনে বিড দাখিলসহ আনুষঙ্গিক সকল কার্যাদি ইনভেস্টমেন্ট ডিলার, ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করিবে।

(৪) সুকুক অকশনে ১০,০০০/- (দশ হাজার) টাকার গুণিতক অংকের অভিহিত মূল্যে (face value) বিড দাখিল করিতে হইবে। বিড দাখিলকারী ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নিজ ও গ্রাহকের পক্ষে সুকুক ক্রয় নিষ্পত্তির (settlement) জন্য পর্যাপ্ত স্থিতি বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত আল-ওয়াদিয়াহ্/চলতি হিসাবে নিশ্চিত করিতে হইবে।

(৫) সুকুক অকশন সংঘটিত হওয়ার পরবর্তী কার্যদিবসে (T+১) গৃহীত বিডের বিপরীতে ফান্ড এবং সিকিউরিটিজ সেটেলমেন্ট সম্পন্ন হইবে।

(৬) সুকুক অকশন সংঘটিত হওয়ার পরবর্তী কার্যদিবসে বিনিয়োগকারীদের নিকট সুকুক ইস্যুর বিপরীতে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানের আল-ওয়াদিয়াহ্/চলতি হিসাব বিকলনকরত এসপিভির হিসাব আকলন

করা হইবে এবং প্রাপ্ত অর্থ একই কার্যদিবসে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত এসপিভির হিসাব বিকলনপূর্বক চুক্তি মোতাবেক সরকারের হিসাবে আকলন করা হইবে।

(৭) এসপিভি যেকোন অকশনে এসআইআইডি ভিত্তিক একক বিড এর উপর সর্বোচ্চ সীমা আরোপ করিতে পারিবে।

(৮) সুকুক অকশন কমিটি ঘোষিত পরিমাণ অপেক্ষা হ্রাসকৃত পরিমাণের বিড (যদি প্রয়োজন হইয়া থাকে) গ্রহণ অথবা সম্পূর্ণ অকশন প্রত্যাখান করিতে পারিবে।

৯। সুকুকের পুনঃইস্যু (Re-issue) অথবা শেলফ ইস্যু (Shelf Issue) পদ্ধতি।- (১) প্রসপেক্টাস অনুসারে এসপিভি সময় সময় অকশন অথবা প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে সুকুক পুনঃইস্যু (Re-issue) অথবা শেলফ ইস্যু (Shelf Issue) করিতে পারিবে, যাহা যথাযথ প্রক্রিয়ায় সংশ্লিষ্ট পক্ষকে অবহিত করা হইবে।

(২) প্রসপেক্টাস অনুসারে পুনঃইস্যুকৃত সুকুকের মেয়াদপূর্তি, মুনাফা প্রদানের তারিখ ও মুনাফার হার নির্ধারিত হইবে।

(৩) প্রাইমারি অকশনে প্রযোজ্য অপরাপর বিধি-বিধান সুকুক পুনঃইস্যু অথবা শেলফ ইস্যুর ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

১০। সুকুকের অন্যান্য বৈশিষ্ট্য।- (১) সুকুক অকশন অথবা প্রাইভেট প্লেসমেন্ট এ দাখিলকৃত বিড বিনিয়োগকারীর প্রস্তাব হিসেবে বিবেচিত হইবে এবং অকশন কমিটি কর্তৃক গৃহীত হইলে প্রসপেক্টাস অনুসারে তাহা বিনিয়োগ চুক্তি হিসেবে বিবেচিত হইবে।

(২) প্রসপেক্টাসে উল্লেখ থাকিলে অকশন অথবা প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয়কৃত সুকুক সেকেন্ডারি মার্কেটে অবাধে ক্রয়-বিক্রয় করা যাইবে;

(৩) প্রসপেক্টাসে বর্নিত শর্তানুসারে প্রতিটি সুকুকের মুনাফা ত্রৈমাসিক, ষান্মসিক অথবা বার্ষিক ভিত্তিতে এবং মেয়াদপূর্তিতে সুকুকের মূল্য পরিশোধযোগ্য হইবে;

(৪) সুকুক ডিম্যাটেরিয়ালাইজড (demat) বা ইলেকট্রনিক ফরম্যাটে রেজিস্টার্ড সার্টিফিকেট হিসেবে ইস্যু করা হইবে এবং এসজিএল অথবা আইপিএস হিসাব-এ বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে রক্ষিত থাকিবে;

(৫) প্রচলিত আয়কর আইন ও বিধি-বিধান অনুযায়ী সুকুকের মুনাফার উপর কর প্রযোজ্য হইবে;

(৬) ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান এর নিজস্ব হিসাবে ধারণকৃত সুকুক ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ অনুসারে সহজে বিনিময়যোগ্য সম্পদ (Statutory Liquidity Ratio-SLR) সংরক্ষণের জন্য অনুমোদিত সিকিউরিটি হিসেবে গণ্য হইবে;

(৭) সরকার যেকোন নতুন ইস্যুর ক্ষেত্রে সুনির্দিষ্ট বৈশিষ্ট্য আরোপ করিতে পারিবে এবং উক্ত বৈশিষ্ট্য সম্বলিত প্রসপেক্টাস শরীয়াহ্ এডভাইজরি কমিটির সম্মতি সাপেক্ষে প্রকাশ করা হইবে।

১১। সুকুকের সেকেন্ডারি ট্রেডিং পদ্ধতি।- (১) নিবাসী অথবা অনিবাসী বিনিয়োগকারী উভয়ই সেকেন্ডারি ক্রয়-বিক্রয়ে অংশগ্রহণ করিতে পারিবেন। সেকেন্ডারি ক্রয়-বিক্রয়ের সেটেলমেন্টসহ অন্যান্য কার্যক্রম অপারেশনাল ডাইরেক্টিভস অনুসারে সম্পন্ন হইবে।

(২) ইনভেস্টমেন্ট ডিলার, অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সেকেন্ডারি মার্কেটের সকল লেনদেন অপারেশনাল ডাইরেক্টিভস এ বর্ণিত প্রক্রিয়ায় বাংলাদেশ ব্যাংক ও এসপিভিকে অবহিত করিবে;

(৩) এসপিভি দেশের অভ্যন্তরে অথবা আন্তর্জাতিক যেকোন প্লাটফর্মে সুকুকের তালিকাভুক্তি এবং ট্রেডিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৪) সিস্টেমের কর্মপ্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক অথবা এসপিভি সময় সময় অপারেশনাল ডাইরেক্টিভস প্রণয়ন অথবা প্রয়োজনে পরিমার্জন করিবে। সুকুক ট্রেডিং এর ক্ষেত্রে কোন প্রশ্ন উত্থাপিত হইলে তাহা অপারেশনাল ডাইরেক্টিভস অনুযায়ী নিষ্পত্তি হইবে।

(৫) এসআইআইডি হিসাব রক্ষণাবেক্ষণ এবং সুকুকের মালিকানাসত্ব হস্তান্তর করিবার জন্য অপারেশনাল ডাইরেক্টিভস অনুযায়ী বাংলাদেশ ব্যাংক অথবা এসপিভি যেকোন প্রকার ফি অথবা চার্জ আরোপ করিতে পারিবে।

১২। পর্যায়ক্রমিক মুনাফা (Periodical Profit) ও মেয়াদপূর্তিতে মূল্য পরিশোধ পদ্ধতি।- (১) সুকুক ধারকদের মুনাফা প্রদানের লক্ষ্যে প্রসপেক্টাসে বর্ণিত পদ্ধতিতে এসপিভি কর্তৃক মুনাফা হিসাবায়ন করিবে এবং বাংলাদেশ ব্যাংক মুনাফা প্রদানের তারিখে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সরকারের হিসাব হইতে এসপিভির হিসাবে চুক্তি মোতাবেক অর্থ প্রদান নিশ্চিত করিবে। অতঃপর, এসপিভি তাহার (প্রযোজ্য ক্ষেত্রে আয়কর কর্তনপূর্বক) হিসাব বিকলনপূর্বক বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানের আল-ওয়াদিয়াহ/চলতি হিসাবে আকলন করিবে।

(২) সুকুকের মূল্য প্রদানের নিমিত্ত বাংলাদেশ ব্যাংক মেয়াদপূর্তির তারিখে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সরকারের হিসাব হইতে এসপিভির হিসাবে চুক্তি মোতাবেক অর্থ প্রদান নিশ্চিত করিবে। অতঃপর, এসপিভি তাহার হিসাব বিকলনপূর্বক বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানের আল-ওয়াদিয়াহ/চলতি হিসাবে আকলন করিবে।

(৩) সুকুকের মুনাফা বন্টন ও মেয়াদপূর্তিতে আসল পরিশোধ তারিখের পূর্বের কর্মদিবসটি শাট পিরিয়ড হিসেবে বিবেচিত হইবে।

(৪) সুকুকের মুনাফা প্রদান অথবা মেয়াদপূর্তিতে আসল পরিশোধের তারিখ কোন ছুটির দিন হইলে তাহা পরবর্তী কর্মদিবসে পরিশোধ করা হইবে।

১৩। সুকুক সম্পদ ব্যবস্থাপনা।- (১) অরিজিনেটর সুকুক সম্পদ এসপিভির নিকট কোনরূপ আইনি জটিলতা, ফি অথবা কমিশন ছাড়া হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

(২) অরিজিনেটর নগদ প্রবাহ (cashflow), অর্থনৈতিক অথবা সামাজিক সুবিধার সুযোগ সৃষ্টি করিবে, এইরূপ সম্পদকে সুকুক সম্পদ হিসাবে ঘোষনা করিবে।

(৩) সুকুক বিক্রয়লব্ধ অর্থ দ্বারা অর্জিত সুকুক সম্পদ প্রসপেক্টাসে বর্ণিত পন্থায় ব্যবহৃত হইবে।

(৪) এসপিভি কর্তৃক প্রসপেক্টাসে বর্ণিত মূল্য ও পদ্ধতিতে সুকুক সম্পদ ব্যবহারের জন্য অরিজিনেটরের নিকট হস্তান্তর অথবা লিজ (lease) দেওয়া যাইবে।

(৫) সুকুক সম্পদের যেকোন পরিবর্তন, পরিবর্ধন, রূপান্তর অথবা হস্তান্তর সুকুক ধারকগণের সর্বোত্তম লাভের উদ্দেশ্যে এবং ব্যবসায়িক দৃষ্টিভঙ্গিতে যৌক্তিক হইতে হইবে।

(৬) সুকুকের মেয়াদকালে (sukuk life cycle) সুকুক সম্পদের কোনরুপ ক্ষতি অথবা উপাদানগত পরিবর্তন ঘটিলে, তাহা অরিজিনেটর কর্তৃক এসপিভিকে অবহিত করিতে হইবে।

(৭) মেয়াদপূর্তিতে সুকুক সম্পদ প্রসপেক্টাসে বর্ণিত মূল্য ও পদ্ধতিতে এসপিভির নিকট হইতে অরিজিনেটরের নিকট হস্তান্তরিত হইবে।

১৪। ফি ও কমিশন।- (১) সুকুক ইস্যু, সুকুক ব্যবস্থাপনার জন্য এসপিভি ও সুকুক ধারকের অধিকার সুরক্ষার জন্য ট্রাস্টি অরিজেনেটরের সহিত সম্পাদিত চুক্তি অনুসারে নির্ধারিত ফি বা কমিশন প্রাপ্য হইবে। উক্ত ফি বা কমিশন হইতে প্রাপ্ত আয় সুকুক

ইস্যু ও ব্যবস্থাপনার ব্যয় নির্বাহ এবং বাংলাদেশ ব্যাংকের বিধান অনুযায়ী এ কার্যক্রম সম্পাদনে নিয়োজিত কর্মকর্তাগণকে সুকুক বিষয়ক তাত্ত্বিক বা ব্যবহারিক জ্ঞান লাভের উদ্দেশ্যে প্রশিক্ষণ প্রদান বা তাদেরকে ভাতা বা সম্মানী প্রদানের জন্য ব্যয় করা যাইবে।

(২) ফি ও কমিশনের হার ট্রেজারি রুল, ১৯৫৭ (Appendix I) এর আওতায় বাংলাদেশ ব্যাংক ও সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি অনুসারে প্রাপ্য হইবে।

১৫। সুকুকের পুনর্গঠন ও সমাপ্তি।- সুকুকের যে কোন পুনর্গঠন, পরিবর্তন বা সমাপ্তি (termination) ট্রাস্টি, শরীয়াহ্ এডভাইজরি কমিটি এবং অরিজিনেটরের যথাযথ অনুমোদন সাপেক্ষে সম্পাদন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


স্বাক্ষরিত/-
৮.১০.২০২০
আব্দুর রউফ তালুকদার
সচিব
ফোন: ৯৫১২২০১
ফ্যাক্স: ৯৫৭৬০০৩
ইমেইল: Secretary@finance.gov.bd


নং: ০৭.০০.০০০০.১৩৭.৩৫.০০১.২০.২

তারিখঃ ২৩ আশ্বিন ১৪২৭ / ০৮ অক্টোবর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব.............................................(সকল)
৫. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা।
৬. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি গেজেটে জরুরীভিত্তিতে প্রকাশপূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট ৫০ কপি প্রেরণের অনুরোধসহ)।**
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, (প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. ........................................................
১০. অফিস কপি।


08/10/2020
মোঃ রুহুল আমিন
উপসচিব
অভ্যন্তরীণ ঋণ ব্যবস্থাপনা-২ অধিশাখা
ফোন: ৯৫৭৬০২৮
ই-মেইলঃ ruhulyn@finance.gov.bd